ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৭৭

আগরতলা, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''চিকিৎসক সংকটে নাজেহাল বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র,'' এই শিরোনামে প্রতিবাদী কলম এবং ''বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চরম চিকিৎসক সংকট,'' এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ৫ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই পরিপ্রেক্ষিতে সিপাহিজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, ২৫ আগস্ট ২০২৫ থেকে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে অ্যালোপ্যাথিক (মেডিক্যাল অফিসার)এর সংকট চলছিল। ২৫ আগস্ট ২০২৫ এবং ২৬ আগস্ট ২০২৫ শুধুমাত্র একজন মেডিক্যাল অফিসার ছিলেন, কারণ, ডাঃ দেববীর দাস (নিদয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে ডেপুটেশন) ২৫ আগস্ট ২০২৫ থেকে ২১ দিনের মেডিক্যাল লিভ নিয়েছেন এবং ডাঃ সাদিকুর রশিদ ২৫ আগস্ট ২০২৫ থেকে ২৮ আগস্ট ২০২৫ পর্যন্ত চার দিনের জন্য ক্যাজুয়েল লিভ নিয়েছেন। মধুপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ডাঃ রজত ভৌমিককে ডেপুটেশনের একটি আদেশ বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক থেকে দেওয়া হয়েছিল কিন্তু তিনি যোগদান করেননি। বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক এই ঘটনার জন্য তাকে গত ৩ সেপ্টেম্বর, ২০২৫ শোকজ করেছেন। ডাঃ চাঁদিনী দেববর্মাকে ২৭ আগস্ট ২০২৫ তারিখে বিশালগড় মহকুমা হাসপাতাল থেকে এক দিনের জন্য ডেপুটেশনে পাঠানো হয়েছে। ডাঃ সাদিকুর গত ২৮ আগস্ট, ২০২৫ যোগদান করেন। তারপর থেকে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র দুই জন অ্যালোপ্যাথিক মেডিক্যাল অফিসার দিয়ে পরিচালিত হচ্ছে।

**********